

একটি নদী তৃষ্ণায় মারা গেলো

মাহমুদ দারবিশ

এখানে একটি নদী ছিলো
আর তার দুটি তীর ছিলো
আর এক স্বর্গীয় মা যে তাকে পালন করতো মেঘ থেকে জলবিন্দু দিয়ে
একটা ছোট নদী ধীরে ধীরে বইতো
পাহাড়ের চূড়া থেকে নেমে
গ্রাম আর তাঁবুগুলো ঘুরে যেতো এক আনন্দিত অতিথির মতো
করবী আর খেজুরের গাছ আনতো উপত্যকায়
আর হাসতো নিশাচর আনন্দিত দুই তীরের সাথে:
'পান করো মেঘের দুধ
আর ঘোড়াদের জল দাও
আর উড়ে যাও জেরুজালেমে ও দামেস্কে।'
কখনো সে বীরের মতো গাইতো
অন্যদের তীব্র আবেগের সাথে
এটা ছিলো দুই তীরে বয়ে যাওয়া একটি নদী
আর এক স্বর্গীয় মা যে তাকে পালন করতো মেঘ থেকে জলবিন্দু দিয়ে
কিন্তু তারা তার মাকে অপহরণ করলো
তাই তার জলের অভাব হলো
আর মরে গেলো, ধীরে, তৃষ্ণায়।